

বিজ্ঞপ্তি নং-২৪.০৩.০০০০.১০৫.০৩(১০২).১১৫.২০-৪২৯

তারিখ : ১৩-১০-২০২৫ খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ টেক্সটাইল মিলস করপোরেশন (বিটিএমসি) এর প্রধান কার্যালয়ের জন্য নিম্নবর্ণিত পদে সম্পূর্ণ অস্থায়ী চুক্তি ভিত্তিক নিয়োগের জন্য বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

ক্রমিক নং	পদের নাম	বেতন	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	সহকারী প্রধান চিকিৎসা কর্মকর্তা	আলোচনা সাপেক্ষে	০১	সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৫ বৎসরের অভিজ্ঞতাসহ এম,বি,বি,এস ডিগ্রী।
০২	গ্যারেজ মেকানিক	আলোচনা সাপেক্ষে	০১	সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৩ বৎসরের অভিজ্ঞতাসহ ৯ম শ্রেণী পাশ। অটোমোবাইল মেকানিকস-এ ০৩ বৎসরের অভিজ্ঞতাসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট প্রাপ্তদের অগ্রাধিকার দেওয়া হবে।
মোট			০২টি	

শর্তাবলী :

(১)	(ক) প্রার্থীকে আবেদনের নির্ধারিত ফরম বাংলাদেশ টেক্সটাইল মিলস করপোরেশনের ওয়েবসাইট (www.btmc.gov.bd.) থেকে ডাউনলোড করে সংগ্রহপূর্বক আবেদন করতে হবে। অন্যথায় আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্র চেয়ারম্যান, বাংলাদেশ টেক্সটাইল মিলস করপোরেশন, বিটিএমসি ভবন ৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫ বরাবর আবেদন করতে হবে। (খ) প্রার্থীকে অবশ্যই ১৩-১১-২০২৫ খ্রিস্টাব্দ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে/সরাসরি বিটিএমসি প্রধান কার্যালয়ে সংরক্ষিত বাক্সে আবেদনপত্র পৌঁছাতে হবে। উক্ত সময়ের পরে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। (গ) আবেদনপত্রে ১৩-১১-২০২৫ খ্রিস্টাব্দ তারিখে প্রার্থীর বয়স উল্লেখ করতে হবে। (ঘ) সরকারী, আধা-সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং এ ক্ষেত্রে আবেদন পত্রের কোন অগ্রিম কপি গ্রহণ করা হবে না।
(২)	আবেদন পত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে : (ক) আবেদনপত্রের সাথে প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩(তিন) কপি ছবি সংযুক্ত করতে হবে। (খ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সকল সনদপত্রের সত্যায়িত কপি (মূল সনদপত্র না থাকলে সাময়িক সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করা যাবে। তবে মৌখিক সাক্ষাৎকার গ্রহণের সময় মূল সনদপত্র দেখাতে হবে)। (গ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র। (ঘ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি।
(৩)	আবেদনপত্র গ্রহণ, বাছাই এবং নিয়োগের ক্ষেত্রে কোন কারণ দর্শানো ব্যতিরেকে বিটিএমসি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিজ্ঞপ্তি আংশিক/সম্পূর্ণ পরিবর্তন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
(৪)	এ পদে নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী চুক্তি ভিত্তিক হিসেবে গণ্য করা হবে।
(৫)	চুক্তি ভিত্তিক এ চাকরির মেয়াদকাল ০১ (এক) বছর পর্যন্ত বলবৎ থাকবে। কাজ সন্তোষজনক সাপেক্ষে কর্তৃপক্ষ কর্তৃক চুক্তি ভিত্তিক এ চাকরির মেয়াদকাল বৃদ্ধি করা হবে।
(৬)	সরকারী ছুটির দিন ব্যতীত প্রতি কর্মদিবসে Full Time দায়িত্ব পালন করতে হবে।


(কাজী ফিরোজ হোসেন)
মুখ্য পরিচালন কর্মকর্তা
ফোন: ৫৫০১৪২৫৮